বাংলাদেশে এরোপনিক্স পদ্ধতিতে মানসম্পন্ন বীজ আলু (মিনি-টিউবার) উৎপাদন

কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১

বাংলাদেশে এরোপনিক্স পদ্ধতিতে মানসম্পন্ন বীজ আলু (মিনি-টিউবার) উৎপাদন

রচনায়

ড. মোহাম্মদ জিয়াউল হক
ড. তপন কুমার পাল
ড. বিমল চন্দ্র কুন্ডু
এ. টি. এম. তানজিমুল ইসলাম
ড. মো. মনিরুল ইসলাম
ড. মো. ছামছুল আলম
ড. হরিদাস চন্দ্র মোহন্ত
মো. মাজেদুল ইসলাম

সম্পাদনায়

জেবুন নেছা
ড. মোহা. মনিরুজ্জামান
ড. দীদার সুলতানা
মো. হাসান হাফিজুর রহমান
মো. আল-আমিন

কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১

প্রকাশকাল
এপ্রিল ২০১৯
২,০০০ কপি

প্রকাশনায়
সম্পাদনা ও প্রকাশনা
প্রশিক্ষণ ও যোগাযোগ উইং
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১, বাংলাদেশ
ফোন : ০২ ৪৯২৭০০৩৮
ই-মেইলঃ editor.bjar@gmail.com

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ
কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১

স্বত্ব সংরক্ষিত
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

মুদ্রণে
দি ঢাকা প্রিন্টার্স
৬৭/ডি, গ্রীণরোড, পান্থপথ
ঢাকা-১২০৫
ফোন : ০১৮২২৮২৮৮৬৯

Correct citation
Hoque, M. Z., T. K. Paul, B. C. Kundu, A. T. M. Tanjimul Islam, M. M. Islam, M. S. Alam, H. C. Mohanta and M. M. Islam. 2019. Quality Seed Potato (Mini-tuber) Production Using Aeroponics System in Bangladesh. Tuber Crops Research Centre, BARI, Gazipur.

ভূমিকা

আলু বর্তমান বিশ্ব তথা বাংলাদেশের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ খাদ্য ফসল। এটা শীত প্রধান দেশের প্রধান খাদ্য হিসেবে বিবেচিত হলেও বাংলাদেশসহ এশিয়া মহাদেশের বিভিন্ন দেশে এটি প্রধানতঃ সবজি হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। অধিক ফলন, স্বল্প জীবনকাল ও উচ্চ পুষ্টিমানের কারণে গত কয়েক দশকে আলু বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ ফসল হিসেবে পরিচিতি লাভ করেছে। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় আলুই ধানের একমাত্র বিকল্প ফসল। সাম্প্রতিককালে এ দেশে আলুর উল্লেখযোগ্য উৎপাদন বৃদ্ধি, রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন, কর্মসংস্থান সৃষ্টি ও ব্যবসার সুযোগ বৃদ্ধি পাওয়ায় এ দেশে আলুর উৎপাদন ও বাজারজাতকরণ বানিজ্যিক রূপ নিতে শুরু করেছে এবং এ দেশের অর্থনীতিতে বিশেষ অবদান রাখার সুযোগ সৃষ্টি করেছে (Jalil Bhuyan and Saha, 2017)।

গত ২০১৬-১৭ অর্থ বছরে বাংলাদেশে ৭০-৮০ লক্ষ মেট্রিক টন চাহিদার বিপরীতে ৪.৯৯ লক্ষ হেক্টর জমিতে ১০২ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদিত হয়েছে এবং গড় ফলন ছিল ২০ মেট্রিক টন/হেক্টর (BBS, ২০১৮)। অর্থাৎ বর্তমানে বাংলাদেশ উদ্বৃত্ত আলু উৎপাদনকারী দেশ। এ পর্যন্ত কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, ৭৯টি আলুর জাত উদ্ভাবন করেছে। যাদের অধিকাংশের ফলন সক্ষমতা ৪০ মেট্রিক টন বা তারও অধিক। শুধুমাত্র মানসম্পন্ন বীজ, উচ্চ ফলনশীল জাত ও আধুনিক কলাকৌশল ব্যবহার করেই এই গড় ফলন সহজেই ৩০ মেট্রিক টনে উন্নীত করা সম্ভব। ফলন একশ লক্ষ টনে স্থির রেখে, গড় ফলন ৩০ মেট্রিক টনে উন্নীত করা গেলে, প্রায় ২ লক্ষ হেক্টর জমি আলু চাষের আওতা থেকে বের করে আনা যাবে, যেখানে অন্যান্য উচ্চ মূল্যের ফসল চাষ করে দেশজ উৎপাদন বৃদ্ধি তথা খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।

এ দেশে আলু চাষের প্রধান অন্তরায় হচ্ছে মানসম্পন্ন ও রোগমুক্ত বীজ আলুর সহজ প্রাপ্যতা। বর্তমানে দেশে মানসম্পন্ন বীজ আলুর চাহিদা প্রায় ৮-১০ লক্ষ মেট্রিক টন। এ চাহিদার বিপরীতে সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান মিলে মাত্র ১০-১২% মানসম্পন্ন বীজ আলু সরবরাহ করতে সক্ষম। মানসম্পন্ন ও রোগমুক্ত বীজ আলু উৎপাদন করতে আধুনিক ও জীব প্রযুক্তির বিকল্প নেই। তাই আধুনিক ও জীব প্রযুক্তির (টিস্যু কালচার) মাধ্যমে উন্নতমানের বীজ আলু উৎপাদন করে এ দেশের বীজ আলুর আমদানি নির্ভরতা যেমন কমিয়ে আনা সম্ভব, তেমনি দেশে উদ্ভাবিত উন্নত ও উচ্চ ফলনশীল জাতসমূহের বীজ দ্রুত কৃষকের মাঝে ছড়িয়ে দেয়াও সম্ভব। টিস্যু কালচার প্রযুক্তির মাধ্যমে ইতোমধ্যে বাংলাদেশের কয়েকটি সরকারি প্রতিষ্ঠান (যেমন- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ও আরডিএ) ও বেসরকারি পর্যায়ে বেশ কয়েকটি প্রতিষ্ঠান বীজ আলু উৎপাদন করছে। প্রচলিত পদ্ধতিতে টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদিত রোগমুক্ত প্লান্টলেট থেকে নেট হাউজে মাটিতে মিনি-টিউবার উৎপাদিত হয়। কিন্তু এই পদ্ধতিতে উৎপাদিত মিনি-টিউবারের সংখ্যা ও ফলন অনেক কম। তাছাড়াও

মাটিবাহিত রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা অনেক বেশি থাকে। এই সমস্যা নিরসনকল্পে আধুনিক পদ্ধতির ব্যবহার অতীব জরুরি। এরোপনিক্স তেমনি একটি আধুনিক পদ্ধতি, যেখানে কোন রকম মাটির স্পর্শ ছাড়াই উদ্ভিদকে একটি প্লাটফর্মে স্থাপন করে শিকড় ও স্টোলন বায়ুতে ঝুলিয়ে খাদ্যোপাদান মিশ্রিত পানির দ্রবণ ধূমায়িত পদ্ধতিতে নির্দিষ্ট সময় পর পর শিকড়ে স্প্রে করে ফসল উৎপাদন করা হয়। এই পদ্ধতিতে গাছের শিকড় সম্পূর্ণ বায়বীয় অবস্থায় থাকায় শিকড় পর্যাপ্ত বৃদ্ধি পায়। ফলশ্রুতিতে ফসলের ফলনও বৃদ্ধি পায় ও মাটিবাহিত রোগের আক্রমণ থেকে গাছ ও মিনি-টিউবার রক্ষা পায়। পেরুতে অবস্থিত আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র, আমাদের পার্শ্ববর্তী দেশ ভারত ও শ্রীলংকাসহ বিশ্বের বিভিন্ন দেশ ইতোমধ্যে এই প্রযুক্তি ব্যবহার করে সফলভাবে মানসম্পন্ন ও রোগমুক্ত বীজ আলু (মিনি-টিউবার) উৎপাদন করছে। গত অর্থবছরে (২০১৭-১৮) কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বাংলাদেশে প্রথম বারের মত এরোপনিক্স নামক নতুন এ প্রযুক্তিটি দেশীয় পদ্ধতিতে তৈরি করে পরীক্ষা স্থাপনের মাধ্যমে পাঁচটি জাতের মিনি-টিউবার উৎপাদনে সফলতা অর্জন করেছে। এ পরীক্ষার মূল উদ্দেশ্য ছিল আলুর মানসম্পন্ন ও রোগমুক্ত মিনি-টিউবার উৎপাদনে দেশীয় পদ্ধতিতে তৈরিকৃত এ পদ্ধতির উপযোগিতা যাচাই এবং ভবিষ্যতে এ পদ্ধতির বাণিজ্যিকীকরণ। কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই ইতোমধ্যে প্রথম উদ্দেশ্য পূরণে সফল হয়েছে এবং দ্বিতীয় উদ্দেশ্য পূরণে অন্যান্য গবেষণা কাজ চালিয়ে যাচ্ছে। এ পদ্ধতির বাণিজ্যিকীকরণ করার লক্ষ্যে, সহজভাবে এই বুকলেটটি তৈরি করা হয়েছে, যাতে বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো ও আগ্রহী পাঠক সহজেই এ পদ্ধতিটি অনুধাবন ও অনুসরণ করতে পারেন।

এরোপনিক্স পদ্ধতির কৌশল

এ পদ্ধতিতে গাছ থাকবে প্লাটফর্মের উপর আর শিকড় ও স্টোলন ঝুলে থাকবে মূল স্ট্রাকচারের ভিতর। খাদ্যোপাদান মিশ্রিত পানির দ্রবণ ধূমায়িত পদ্ধতিতে নির্দিষ্ট সময় পর পর শিকড়ে স্প্রে করে গাছ জন্মানো ও মিনি-টিউবার উৎপাদন করা হয়। শিকড়, স্টোলন ও মিনি-টিউবার সম্পূর্ণ অন্ধকার পরিবেশে থাকে। এই পদ্ধতিতে উদ্ভিদ জন্মানোর সম্পূর্ণ পরিবেশটি রোগ ও পোকা-মাকড়মুক্ত থাকায়, মাটিতে জন্মানো গাছ থেকে এ গাছ অধিকতর সবল হয় ও দ্রুত বৃদ্ধি পায়। এ প্রযুক্তির প্রয়োজনীয় উপাদানগুলো হলো- একটি প্লাটফর্ম, খাদ্যোপাদান মিশ্রিত পানির দ্রবণ, খাদ্যোপাদান সরবরাহ ট্যাংক, স্বয়ংক্রিয় খাদ্যোপাদান সরবরাহ পদ্ধতি ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ প্রবাহ।



চিত্র: এরোপনিক্স পদ্ধতির মূল কৌশল (সহযোগীতায়: Otazu, 2010)

প্রচলিত পদ্ধতির তুলনায় এরোপনিক্স পদ্ধতির সুবিধাসমূহ

- প্রচলিত পদ্ধতির তুলনায় এক মৌসুমেই দশ গুণ বেশি ফলন পাওয়া যায় (Otazu, 2010)।
- মানসম্পন্ন (ভাইরাস ও মাটিবাহিত রোগমুক্ত) বীজ আলু উৎপাদন করা যায় (Otazu, 2010)।
- বছরে ২-৩ বার ফসল চক্রাকারে করা সম্ভব।
- খাদ্যোপাদান ও পানির ব্যবহার সর্বনিম্ন হয় (Mbiya *et al.,* 2012)।
- ক্রমাগত মিনি-টিউবার সংগ্রহের কারণে অধিক উৎপাদন ও বীজের আকার নিয়ন্ত্রণ করা যায় (Mbiya *et al.,* 2012)।
- গাছের বৃদ্ধি ও রোগবালাই দমনে বায়ো-এজেন্ট সহজে ব্যবহার করা যায় (Mbiya *et al.,* 2012)।
- লবণাক্ততা ও খরা প্রতিরোধী জাত উদ্ভাবনের গবেষণায় ব্যবহার করা যায়।
- উলম্ব কৃষির গবেষণায় ব্যবহার করা যায়।
- নিরাপদ কৃষি পণ্য উৎপাদন করা যায়।
- প্রাকৃতিক দুর্যোগবিহীন ফসল উৎপাদন করা যায়।

এরোপনিক্স পদ্ধতির সীমাবদ্ধতা

- এই প্রযুক্তিটি সম্পূর্ণভাবে বিদ্যুৎ নির্ভর।
- সারা বছর মিনি-টিউবার উৎপাদনের জন্য নিয়ন্ত্রিত পরিবেশ (গ্রীন হাউজ) প্রয়োজন।
- প্রাথমিক ব্যয় বেশি।
- প্রশিক্ষণ প্রাপ্ত কর্মী প্রয়োজন।

প্রচলিত ও এরোপনিক্স পদ্ধতিতে বীজ আলু উৎপাদনের তুলনামূলক চিত্র

প্রচলিত নেট হাউজে বীজ আলু উৎপাদন



এরোপনিক্স পদ্ধতিতে গ্রীন হাইজ ও নেট হাউজে বীজ আলু উৎপাদন



এক বৎসরে প্রচলিত পদ্ধতির তুলনায় মিনি-টিউবার বৃদ্ধি পায় ৩০ গুণ এবং বীজ উৎপাদন চক্র কমে যাবে ৩-৪ টি। যার ফলে কৃষক ৩-৪ প্রজন্মের বীজ আলু পাবে ৬-৭ প্রজন্মের বীজ আলুর পরিবর্তে। কম প্রজন্মের বীজ আলু মানে কম রোগাক্রান্ত ও অধিক মানসম্পন্ন।

সারণী-১: প্রচলিত ও এরোপনিক্স পদ্ধতির তুলনা

ক্রমিক নং	বিবরণ	প্রচলিত পদ্ধতিতে নেট হাউজে মিনি-টিউবার উৎপাদন	এরোপনিক্স পদ্ধতিতে গ্রীন হাউজে মিনি-টিউবার উৎপাদন
১	মিনি-টিউবার উৎপাদন	গড়ে গাছ প্রতি ১০ টি মিনি-টিউবার উৎপাদিত হয়	গড়ে গাছ প্রতি ১০০ টি মিনি-টিউবার উৎপাদিত হয়
২	উৎপাদন মৌসুম/বৎসর	একবার (শীতকালে)	(সারা বৎসর) তিন বার
৩	রোগবালাই	ভাইরাস রোগমুক্ত	ভাইরাস ও মাটি বাহিত রোগমুক্ত
৪	বীজ আলুর গুণাগুণ	ভাল	উত্তম
৫	মাঠ পর্যায়ে বীজ আলু থেকে বীজ আলুর উৎপাদন	স্বাভাবিক	প্রচলিত পদ্ধতির মতই স্বাভাবিক
৬	পানি ও খাদ্যোপাদানের ব্যবহার দক্ষতা	নিম্ন	উচ্চ
৭	বীজ আলুর আকার নিয়ন্ত্রণ	সম্ভব	সম্ভব নয়

এরোপনিক্স পদ্ধতিতে স্ট্রাকচার তৈরির কৌশল

অ্যালুমিনিয়াম ও স্টেইনলেস স্টিল এর সমন্বয়ে একটি ৪.৫ × ১.৫ × ১.২ ঘন মি. আয়তনের এরোপনিক্স প্লাটফর্ম আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্রের গাইডলাইনের আলোকে দেশীয় উপকরণ ব্যবহার করে রূপান্তরিত পদ্ধতিতে তৈরি করা হয়েছে। নিউট্রিয়েন্ট ট্যাংক, এক হর্স পাওয়ার মটর, অটোমেটিক মিস্টিং মেশিনসহ সর্বমোট খরচ হয়েছিল ৪ লক্ষ টাকা যা ২০-২৫ বৎসর পর্যন্ত ব্যবহার করা যাবে। বিস্তারিত এরোপনিক্স প্লাটফর্ম তৈরীর বিষয়াবলী নিম্নে প্লেট ১ (ক-চ) এ চিত্রায়িত হলো।



ক. এরোপনিক্স প্লাটফর্ম (৪.৫ × ১.৫ × ১.২ ঘ. মি.)

খ. এরোপনিক্স প্লাটফর্মের উপরের দৃশ্য



গ. মিস্টিং পদ্ধতি

ঘ. অটোমেটিক মিস্টিং যন্ত্র

ঙ. এক হর্স পাওয়ার মটর

চ. নিউট্রিয়েন্ট ট্যাঙ্ক (৩০০ লি.)

প্লেট ১(ক-চ)ঃ এরোপনিক্স স্ট্রাকচারের অটোমেটিক মিস্টিং যন্ত্র, এক হর্স পাওয়ার মটর, ও নিউট্রিয়েন্ট ট্যাঙ্কসহ (৩০০ লি.) গঠন কৌশল

এরোপনিক্স পদ্ধতিতে চারা উৎপাদন কৌশল

এরোপনিক্সের জন্য টিস্যু কালচার পদ্ধতিতে ভাইরাসমুক্ত প্লান্টলেট উৎপাদন

এরোপনিক্স পদ্ধতির জন্য প্লান্টলেট উৎপাদন করতে হবে টিস্যু কালচার পদ্ধতিতে যাতে প্লান্টলেটগুলো ভাইরাসমুক্ত হয়। টিস্যু কালচার পদ্ধতিতে প্লান্টলেট উৎপাদন কৌশল নিম্নে প্লেট ২ (ক-চ) এ চিত্রায়িত হলো।

ক. আলুর স্প্রাউট

খ. লিফ প্রাইমোডিয়াসহ মেরিস্টেম

গ. মিডিয়াতে এক্সপ্লান্ট

ঘ. টেস্টটিউবে প্লান্টলেট উৎপাদন

ঙ. প্লান্টলেট সাব-কালচার

চ. অধিক পরিমাণ প্লান্টলেট উৎপাদন

প্লেট ২ (ক-চ): টিস্যুকালচার পদ্ধতিতে আলুর প্লান্টলেট উৎপাদন কৌশল

প্লান্টলেট হার্ডেনিং এবং অন্যান্য প্রক্রিয়ায় সংখ্যা বৃদ্ধির মাধ্যমে অধিক সংখ্যক আলুর চারা উৎপাদন

প্লান্টলেট হার্ডেনিং ও প্লাটফর্মে স্থাপন

এরোপনিক্স পদ্ধতিতে লাগানোর জন্য টিস্যু কালচার পদ্ধতিতে উৎপাদিত সুস্থ সবল প্লান্টলেট বাছাই করার পর প্লান্টলেটের সাথে যুক্ত মিডিয়া অপসারণ করা হয়। তারপর প্লান্টলেটগুলোকে ছত্রাকনাশকের (ডাইথেন এম ৪৫ @০.২%) দ্রবণে ৪-৫ মিনিট রেখে জীবাণুমুক্ত করা হয়। এই প্লান্টলেটগুলো পরবর্তীতে জীবাণুমুক্ত বালি ভর্তি হার্ডেনিং ট্রেতে স্থাপন করে দুই সপ্তাহ রেখে পর্যাপ্ত শিকড় সৃষ্টির পর তা এরোপনিক্স প্লাটফর্মে লাগাতে হয়। প্লান্টলেট হার্ডেনিং ও প্লাটফর্মে স্থাপন এর কৌশল শিল্প প্লেট ৩(ক-ঘ) চিত্রায়িত হল।

ক. প্লান্টলেট *খ. প্লান্টলেট থেকে মিডিয়া অপসারণ* *গ. হার্ডেনিং* *ঘ. প্লান্টলেট প্লাটফর্মে স্থানান্তর*

প্লেট ৩(ক-ঘ): প্লান্টলেট হার্ডেনিং এর পর প্লাটফর্মে স্থাপন কৌশল

টপ স্যুট কাটিং এর মাধ্যমে উৎপাদিত চারা এরোপনিক্স প্লাটফর্মে স্থাপন

টিস্যু কালচার পদ্ধতিতে উৎপাদিত সুস্থ সবল প্লান্টলেট জীবাণুমুক্ত বালি সম্বলিত হার্ডেনিং ট্রেতে দুই সপ্তাহ রেখে পর্যাপ্ত শিকড় সৃষ্টি করা হয়। তারপর তা আবার জীবাণুমুক্ত বালি, কোকো ডাস্ট ও জৈব পদার্থ (১ঃ১ঃ১) মিশ্রিত পটে জন্মিয়ে পর্যাপ্ত কাণ্ড তৈরি করে তা থেকে টপ স্যুট কাটিং তৈরি করা হয়। এখানে উল্লেখ্য যে, চারা টবে লাগানোর দুই সপ্তাহ পর টপ স্যুটটি কেটে দিলে ঐ চারা থেকে পর্যাপ্ত শাখা তৈরি হবে। এভাবে একটি প্লান্টলেট থেকে ২-৩ বারে ২০-৩০ টপ স্যুট কাটিং তৈরি করা সম্ভব। টপ স্যুট কাটিং তৈরি করার পর দ্রুত মূলের বৃদ্ধির জন্য কাঁটা অংশে রোটন নামক হরমোন পাউডার লাগিয়ে জীবাণুমুক্ত বালির ট্রেতে লাগালে দুই সপ্তাহের মধ্যে পর্যাপ্ত শিকড় সৃষ্টি হয়। পরবর্তীতে শিকড়যুক্ত টপ স্যুট কাটিং ডিস্টিল্ড ওয়াটার দিয়ে ধৌত করে ও ডাইথেন এম-৪৫ নামক ছত্রাকনাশকের ০.২% দ্রবণে শোধন করে তারপর তা এরোপনিক্স প্লাটফর্মে লাগাতে হবে। টপ স্যুট কাটিং তৈরি ও প্লাটফর্মে স্থাপন এর বিস্তারিত প্রক্রিয়াটি নিম্নে প্লেট ৪(ক-চ) এ চিত্রায়িত হলো।

ক. প্লান্টলেট *খ. হার্ডেনিং* *গ. পটে প্লান্টলেটের বৃদ্ধি*

ঘ. টপস্যুট কাটিং

ঙ. টপস্যুট কাটিং থেকে তৈরিকৃত চারা

চ. প্লান্টলেট প্লাটফর্মে স্থানান্তর

প্লেট ৪ (ক-চ) ঃ টপ স্যুট কাটিং এর মাধ্যমে উৎপাদিত চারা এরোপনিক্স প্লাটফর্মে স্থাপন কৌশল

স্টোলন কাটিং এর মাধ্যমে উৎপাদিত চারা এরোপনিক্স প্লাটফর্মে স্থাপন

এটি চারা উৎপাদনের নতুন এবং অত্যন্ত সাশ্রয়ী পদ্ধতি। এরোপনিক্স প্লাটফর্মে লাগানো আলুর প্লান্টলেট/চারা থেকে ৪৫-৫৫ দিন পর প্রচুর স্টোলন বের হতে থাকে। এই স্টোলনগুলো মাঝে মাঝেই প্রুনিং/ছেঁটে দিতে হয় যাতে অবশিষ্ট স্টোলনে বেশি টিউবার বা কন্দ ধরে। এই ছাঁটাই করা অপ্রয়োজনীয় স্টোলন ব্যবহার করেই পর্যাপ্ত সুস্থ সবল চারা তৈরি করা যায়। প্রথমে ছাঁটাই করা স্টোলনকে এমনভাবে কাটতে হবে যেন প্রতিটি কাটিং এ ৪-৫ টি নোড থাকে। অতঃপর সেগুলোকে রুটিং হরমোনে কিছুক্ষণ (৪-৫ মিনিট) ডুবিয়ে রাখতে হবে। এরপর কাটিংগুলো কিছুক্ষণ টিস্যু পেপারের উপর স্থাপন করে শুষ্ক ও ঠাণ্ডা জায়গায় রেখে পানি শুকিয়ে সেগুলো জীবাণুমুক্ত বালির ট্রেতে লাগাতে হয়। লক্ষ্য রাখতে হবে যেন লাগানোর সময় স্টোলন কাটিং এর মাথাসহ অন্তত একটি নোড বালির উপরে থাকে। লাগানোর পরই সম্পূর্ণ ট্রেটি সঠিকভাবে পানি দিয়ে ভিজিয়ে দিতে হবে। ৭-১৪ দিনের মধ্যেই সুস্থ সবল চারা তৈরি হয় যা এরোপনিক্স প্লাটফর্মে অথবা অন্যত্র রোপণ করা যায়। স্টোলন কাটিং এর মাধ্যমে উৎপাদিত চারা এরোপনিক্স প্লাটফর্মে স্থাপনের বিস্তারিত প্রক্রিয়াটি নিম্নে প্লেট ৫(ক-ঘ) এ চিত্রায়িত হলো।



ক. স্টোলন কাটিং তৈরি

খ. স্টোলন কাটিং বালিতে স্থাপন

গ. উৎপাদিত চারা

ঘ. চারা প্লাটফর্মে স্থানান্তর

প্লেট ৫(ক-ঘ) ঃ স্টোলন কাটিং এর মাধ্যমে উৎপাদিত চারা এরোপনিক্স প্লাটফর্মে স্থাপন কৌশল

এরোপনিক্স পদ্ধতিতে খাদ্যোপাদানের দ্রবণ তৈরির কলাকৌশল (Otazu, 2010)

এই পদ্ধতির সাফল্য অনেকাংশে নির্ভর করে রাসায়নিক দ্রবণ তৈরির উপর। তাই রাসায়নিক দ্রবণ তৈরির সময় বিশেষ সতর্কতা অবলম্বন করা বাঞ্চনীয়। নিম্নে দ্রবণ তৈরির বিভিন্ন ধাপ বর্ণনা করা হলো।

খাদ্যোপাদানের দ্রবণ তৈরির প্রয়োজনীয় উপকরণের তালিকা

১) সাধারণ ব্যালেন্স, ২) ইলেকট্রিক ব্যালেন্স, ৩) ফানেল, ৪) চা চামচ, ৫) মার্কার, ৬) প্লাস্টিক ব্যাগ, ৭) টিস্যু পেপার, ৮) মেজারিং ফ্লাক্স (৫০০ মি. লি., ১,০০০ মি. লি., ২,০০০ মি. লি. ও ৩,০০০ মি. লি.), ৯) কাঁচের পাত্র, ১০) স্টায়ার মেশিন, ১১) মর্টার ও পেস্টল, ১২) প্লাস্টিক কন্টেনার (৫ ও ১০ লিটার) ৪ টি, ১৩) পিএইচ মিটার, ১৪) ইসি মিটার ইত্যাদি।

সারণী-২: স্টক সলিউশন তৈরির জন্য যে সকল রাসায়নিক উপাদানের প্রয়োজন তার তালিকা ও পরিমাণ

রাসায়নিক উপাদান	রাসায়নিক সংকেত	মলিকুলার ওয়েট (গ্রাম/মোল)	পরিমাণ (গ্রাম)
স্টক সলিউশন 'এ' ৫ লিটার			
ক্যালসিয়াম সুপার ফসফেট	$Ca_3O_8P_2$	৩১০.১৭৪	১৮০.০
অ্যামোনিয়াম নাইট্রেট*	NH_4NO_3	৮০.০৪৩	৩৫০.০
পটাসিয়াম নাইট্রেট	KNO_3	১০১.১০৩	৫৫০.০
স্টক সলিউশন 'বি' ২ লিটার			
কপার সালফেট	$CuSO_4.5H_2O$	১৫৯.৬০৯	১.০
জিংক সালফেট	$ZnSO_4.7H_2O$	১৬১.৪৭০	১.৭
অ্যামোনিয়াম মলিবডেট	$(NH_4)_6Mo_7O_{24}.4H_2O$	১১৬৩.৯০০	০.২
বরিক এসিড	H_3BO_3	৬১.৮৩০	৩.০
ম্যাঙ্গানিজ সালফেট	$MnSO_4.H_2O$	১৫১.০০১	৫.০
ম্যাগনেসিয়াম সালফেট	$MgSO_4.\ 6H_2O$	১২০.৩৬৬	২২০.০
আয়রন ইডিটিএ	$C_{10}H_{13}FeN_2O_8$	৩৪৫.০৬৫	১৭.০

* কন্দ বের হওয়ার সময় অ্যামোনিয়াম নাইট্রেটের পরিমাণ অর্ধেক করে দিতে হবে।

প্রস্তুত প্রণালী

স্টক সলিউশন 'এ' (ম্যাক্রো-নিউট্রিয়েন্ট)

ধাপ-১

একটি ২ লিটারের কাঁচের পাত্রে ৫০০ মি. লি. জীবাণুমুক্ত পানির মধ্যে ১৮০ গ্রাম ক্যালসিয়াম সুপার ফসফেট মর্টার ও পেস্টলের দ্বারা ভালভাবে মিশিয়ে ২৪ ঘণ্টা রেখে দিতে হবে। তারপর উপরের স্বচ্ছ দ্রবণ রেখে অদ্রবণীয় পদার্থ ফেলে দিতে হবে।

ধাপ-২

ম্যাগনেটিক স্টায়ারের উপর তিন লিটার জীবাণুমুক্ত পানিসহ একটি কাঁচের পাত্র স্থাপন করে প্রথমে ৩৫০ গ্রাম অ্যামোনিয়াম নাইট্রেট আস্তে আস্তে মেশাতে হবে। অ্যামোনিয়াম নাইট্রেট মেশানো শেষ হলে ৫৫০ গ্রাম পটাশিয়াম নাইট্রেটও আস্তে আস্তে মেশাতে হবে।

অতপর, ধাপ-১ (ক্যালসিয়াম সুপার ফসফেটের দ্রবণ) ও ধাপ-২ (পটাশিয়াম নাইট্রেট ও অ্যামোনিয়াম নাইট্রেট) এর দ্রবণ দুটি একসাথে মিশিয়ে মোট দ্রবণ জীবাণুমুক্ত পানিযোগে ৫ লিটার করতে হবে। এই দ্রবণই হলো স্টক সলিউশন 'এ'।

স্টক সলিউশন 'বি' (মাইক্রো-নিউট্রিয়েন্ট)

ধাপ-১

ম্যাগনেটিক স্টায়ারের উপর একটি কাঁচের পাত্রে ১০০০ মি. লি. জীবাণুমুক্ত পানির মধ্যে ১ গ্রাম কপার সালফেট, ১.৭ গ্রাম জিংক সালফেট, ০.২ গ্রাম অ্যামোনিয়াম মলিবডেট, ৩ গ্রাম বরিক এসিড ও ৫ গ্রাম ম্যাঙ্গানিজ সালফেট ক্রমানুসারে একটির পর একটি ভালভাবে মেশাতে হবে।

ধাপ-২

ম্যাগনেটিক স্টায়ারের উপর অপর একটি কাঁচের পাত্রে ১০০০ মি. লি. জীবাণুমুক্ত পানির মধ্যে ২২০ গ্রাম ম্যাগনেসিয়াম সালফেট ও ১৭ গ্রাম ফেরিক ইডিটিএ ক্রমানুসারে একটির পর একটি ভালভাবে আস্তে আস্তে মেশাতে হবে।

অতঃপর, ধাপ-১ এর ১০০০ মি. লি. দ্রবণ থেকে ৪০০ মি. লি. দ্রবণ এবং ধাপ-২ এর সমুদয় দ্রবণ একসাথে মিশিয়ে মোট দ্রবণ জীবাণুমুক্ত পানিযোগে ২ লিটার করতে হবে। এই দ্রবণই হলো স্টক সলিউশন 'বি'।

নিউট্রিয়েন্ট সলিউশন ট্যাংকিতে মেশানোর পদ্ধতি

প্রতি ১০০ লি. দ্রবণ তৈরি করতে স্টক সলিউশন 'এ' ৫০০ মি. লি. এবং স্টক সলিউশন 'বি' ২০০ মি. লি. লাগবে।

নিউট্রিয়েন্ট সলিউশন তৈরির বিকল্প পদ্ধতি

অ্যামোনিয়াম নাইট্রেট বাংলাদেশে নিষিদ্ধ রাসায়নিক পদার্থ হওয়ায় এটি পাওয়া দুরূহ এবং দাম অনেক বেশি। তাই বিকল্প হিসেবে নিম্নের দ্রবণ ব্যবহার করা যেতে পারে। আমাদের পরীক্ষায় এর ভাল ফলাফল পাওয়া গেছে।

সারণী-৩: দশ (১০) লিটার স্টক সলিউশন তৈরির প্রয়োজনীয় কেমিক্যাল

ক্রমিক নং	কেমিক্যালের নাম	পরিমাণ (গ্রাম)
১.	ক্যালসিয়াম নাইট্রেট $\{Ca(NO_3)2{\cdot}4H_2O\}$	১১৮
২.	পটাশিয়াম হাইড্রোজেন সালফেট ($KHSO_4$)	৬৮
৩.	পটাশিয়াম নাইট্রেট (KNO_3)	২৫২
৪.	ম্যাগনেশিয়াম সালফেট ($MgSO_4.\ 6H_2O$)	২৪৬
৫.	আয়রন ইডিটিএ ($C_{10}H_{12}FeN_2O_8$)	১১.৭
৬.	কপার সালফেট ($CuSO_4.5H_2O$)	০.১
৭.	জিংক সালফেট ($ZnSO_4.7H_2O$)	০.৩
৮.	অ্যামোনিয়াম মলিবডেট $\{(NH_4)_6Mo_7O_{24}.4H_2O\}$	০.১
৯.	বরিক এসিড (H_3BO_3)	০.৭
১০.	ম্যাঙ্গানিজ সালফেট ($MnSO_4.H_2O$)	১.৫
আলুর টিউবারাইজেশন স্টেজে পটাশিয়াম নাইট্রেট এর পরিমাণ অর্ধেক করে দিতে হবে।		
প্রতি ১০০ লিটার দ্রবণ তৈরিতে ২ লিটার স্টক সলিউশন লাগবে।		

ইসি ও পিএইচ মিটারের কার্যপ্রণালী

ইলেকট্রিক্যাল কন্ডাকটিভিটি (ইসি) হলো একটি নিউট্রিয়েন্ট সলিউশনের সকল খাদ্যোপাদানের মোট ঘনত্ব যা একটি মিটার দিয়ে সহজে পরিমাপ করা যায়। একটি ঘন দ্রবনের ইসি অন্য একটি কম ঘন দ্রবণের তুলনায় বেশি হয়। সাধারণত ডেসিসিমেন্স/মি. (dS/m) অথবা মিলি সিমেন্স/সে.মি. (mS/cm) এককে ইসি পরিমাপ করা হয়। ইসির মান দ্রবনের মোট ঘনত্ব প্রকাশ করে, কিন্তু কোন নির্দিষ্ট খাদ্যোপাদানের পরিমাণ নির্দেশ করে না। ইসির মান বাড়ানোর জন্য রাসায়নিক দ্রবণ যোগ করতে হয়। সাধারণত এরোপনিক্স পদ্ধতিতে ব্যবহৃত দ্রবণের ইসি ১.৭৫-২.০০ dS/m মধ্যে থাকা ভাল। পিএইচ (pH) কোন দ্রবণের অম্লত্ব ও ক্ষারকত্ব প্রকাশ করে যা সহজে একটি ডিজিটাল

পিএইচ মিটার দিয়ে পরিমাপ করা যায়। বীজ আলু উৎপাদনে দ্রবণের পিএইচ ৬.৫-৬.৮ হওয়া ভাল। পিএইচ কমানোর প্রয়োজন পরলে দ্রবণে আস্তে আস্তে হাইড্রোক্লোরিক এসিড (৮০-৯০%) মিশিয়ে পিএইচ নির্ধারিত মাত্রায় আনতে হবে। অন্যদিকে পিএইচ বাড়ানোর প্রয়োজন পরলে দ্রবণে আস্তে আস্তে পটাশিয়াম হাইড্রোঅক্সাইড (৮০-৯০%) মিশিয়ে পিএইচ নির্ধারিত মাত্রায় আনতে হবে।

অনুকূল পরিবেশ

ক্যাম্পেনের (২০১২) মতে, এরোপনিক্স পদ্ধতিতে মিনি-টিউবার উৎপাদন অনেক কারণে প্রভাবিত হতে পারে, এমনকি আলুর শিকড়ে বসবাসরত ব্যাকটেরিয়াও। মূলতঃ পরিবেশগত কারণ ও খাদ্যোপাদান এরোপনিক্স পদ্ধতিতে মিনি-টিউবার উৎপাদন নিয়ন্ত্রণ করে।

- পরিবেশগত কারণের মধ্যে তাপমাত্রা অন্যতম প্রধান কারণ। দিনের তাপমাত্রা ১৮-২০° সে ও রাতের তাপমাত্রা ১৪-১৫° সে আলুর কন্দ তৈরির জন্য সবচেয়ে উপযোগী। দিনের তাপমাত্রা ১৫° সে. এর নিচে নামলে কন্দ তৈরি এক সপ্তাহ বিলম্বিত হয়। আর তাপমাত্রা ২৫° সে. এর বেশি হলে কন্দ উৎপাদন বিলম্বিত হয় তিন সপ্তাহ।
- স্বল্প দিবা দৈর্ঘ্য ও ঠাণ্ডা রাতের তাপমাত্রা আলুর কন্দ উৎপাদন ত্বরান্বিত করে। অন্যদিকে দীর্ঘ দিবা দৈর্ঘ্য, উচ্চ রাতের তাপমাত্রা এবং উচ্চ নাইট্রোজেন সার আলুর কন্দ উৎপাদন বিলম্বিত করে।
- আলুর কন্দ তৈরিতে প্রকৃত অন্ধকার খুবই গুরুত্বপূর্ণ কারণ সামান্য আলোর প্রভাবে তৈরি হওয়া স্টোলন নতুন কাণ্ডে রূপান্তরিত হতে পারে। তাই এরোপনিক্স এর পুরো প্লাটফর্মটি কালো পলিথিন দিয়ে ঢেকে দিতে হবে।
- আলুর স্টোলনে কন্দ তৈরি, সাইটোকাইনিনের উপস্থিতিতে ত্বরান্বিত হয়। জিবারেলিক এসিড (GA_3) ও ইথিলিন আলুর কন্দ তৈরি নিরুৎসাহিত করে।
- এ পদ্ধতিতে, প্রতি ২০ মিনিট পর পর ১০ সেকেন্ড খাদ্যোপাদান মিশ্রিত দ্রবণ স্প্রে করতে হবে। খাদ্যোপাদান মিশ্রিত দ্রবণের ইসি কোন ক্রমেই ২ ডেসি সিমেন্স/মি. এর বেশি হতে পারবে না এবং পিএইচ হতে হবে ৬.৫-৬.৮, কোন ভাবেই তা ৭.৩ এর বেশি হতে পারবে না।
- খাদ্যোপাদান মিশ্রিত দ্রবণ প্রতি এক মাস পর পর পরিবর্তন করতে হবে।
- সমগ্র উৎপাদন মৌসুমে আপেক্ষিক আর্দ্রতা ৫৫-৬০% বজায় রাখতে হবে।
- পরীক্ষা শুরু হওয়ার আগে সমস্ত এরোপনিক্স পদ্ধতি সংলগ্ন এলাকা ক্লোরক্স (১০%) ব্যবহার করে জীবাণুমুক্ত করতে হবে এবং উৎপাদন মৌসুম পুরোটাই পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

স্টোলন প্রুনিং

প্লান্টলেট প্লাটফর্মে লাগানোর ৮০-৯০ দিন পর স্টোলন প্রুনিং করে দিলে আলুর কন্দ উৎপাদন বৃদ্ধি পায় যা প্লেট ৬(ক-খ) চিত্রায়িত করা হয়েছে।

ক. প্রুনিং এর পূর্বে *খ. প্রুনিং এর পরে*

প্লেট ৬(ক-খ) ঃ কন্দ উৎপাদনের উপর স্টোলন প্রুনিং এর প্রভাব

আন্তঃপরিচর্যা

প্লান্টলেট ও টপ স্যুট কাটিং এরোপনিক্স প্লাটফর্মে স্থাপনের পর সঠিক বৃদ্ধির জন্য কতগুলো কার্যক্রম ধারাবাহিকভাবে পরিচালনা করতে হয়। রোপণের পর পরই প্লান্টলেট ও কাটিংগুলো সুস্থ ও সবল রাখার জন্য সাধারণ পানি স্প্রে করতে হয়। কক্ষের তাপমাত্রা, আর্দ্রতা ও আলোর মাত্রা প্রতিদিন পর্যবেক্ষণ করতে হয়। গাছের সঠিক বৃদ্ধির জন্য প্রতিটি গাছকে সুন্দরভাবে খুঁটি দিয়ে আটকে দিতে হয়। প্রতিবার কন্দ সংগ্রহের পর প্রতিটি গাছের গোড়া অল্প পরিমাণ নিচের দিকে নামিয়ে দিতে হয়। এতে করে নতুন স্টোলন উৎপাদন বৃদ্ধি পায়। প্রতি মাসে একবার ইলাইজা টেস্টের মাধ্যমে ভাইরাস রোগের উপস্থিতি পর্যবেক্ষণ করতে হয়। ভাইরাস রোগের বাহক জাবপোকা ও অন্যান্য পোকা দমনের জন্য ১৫ দিন পর পর কীটনাশক 'এডমায়ার' প্রতি লিটার পানিতে ০.৫ মি. লি. হারে ভালোভাবে মিশিয়ে স্প্রে করা প্রয়োজন। পুরো উৎপাদন মৌসুমে এরোপনিক্স কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা বাঞ্চনীয়।

বীজ আলু (মিনি-টিউবার) সংগ্রহ ও কিউরিং

বীজ আলু বা মিনি-টিউবার সংগ্রহ, এই পদ্ধতির আর একটি গুরুত্বপূর্ণ বিষয়। মিনি-টিউবার কখন ও কতদিন পর পর চয়ন করা হবে তার উপর ফলন বহুলাংশে নির্ভর করে। ৫-১০ গ্রাম ওজনের মিনি-টিউবার ৭-১০ দিন পর চয়ন করতে হয়। এতে কন্দের সংখ্যা বৃদ্ধি পায়। প্লান্টলেট ও কাটিং লাগানোর ৩৫-৪০ দিন পর কন্দ ধরা শুরু হয়। জাতভেদে কন্দ ধরার সময় পরিবর্তিত হতে পারে। মিনি-টিউবার সংগ্রহের পর সেগুলো জীবাণুমুক্ত ও শুষ্ক বালির নিচে দুই সপ্তাহ রেখে কিউরিং করে তারপর হিমাগারে সংরক্ষণ করতে হয়। এতে মিনি-টিউবারের চামড়া শক্ত হয় ও সংরক্ষণ সক্ষমতা বৃদ্ধি পায়।

ক. সংগৃহীত বীজ আলু (মিনি-টিউবার) *খ. কিউরিং করার পদ্ধতি*

প্লেট ৭(ক-খ) ঃ সংগৃহীত বীজ আলু (মিনি-টিউবার) ও কিউরিং করার পদ্ধতি

কি কি ফসল চাষ করা যাবে?

আলু, মিষ্টি আলু, সকল ধরনের পাতা জাতীয় সবজি, শশা, টমেটো, বেগুন, মরিচ, স্ট্রবেরী ইত্যাদি।

অর্থনৈতিক বিশ্লেষণ (গ্রীন হাইজের খরচ ব্যাতীরেকে)

৪.৫ × ১.৫ × ১.২ ঘ.মি. আয়তনের একটি এরোপনিক্স স্ট্রাকচার থেকে এক মৌসুমে ১৮ কেজি বীজ আলু উৎপাদিত হয়েছে। প্রতি কেজি বীজ আলুর দাম ৩,০০০ টাকা হলে মোট মূল্য = ৫৪,০০০/-, কেমিক্যাল খরচ = ৬,৪০০/-, শ্রমিক খরচ = ২৫,০০০/- অন্যান্য = ৫,০০০/=, মোট খরচ = ৩৬,৪০০/-, নিট লাভ = ১৭,৬০০/-

প্রযুক্তি ব্যবহারকারী

বীজ আলু উৎপাদন ও ব্যবসার সাথে জড়িত সংস্থা বা প্রতিষ্ঠানসমূহই মূলতঃ এই প্রযুক্তি ব্যবহার করে স্বল্প সময়ে অধিক পরিমাণ মানসম্পন্ন বীজ আলু উৎপাদনের মাধ্যমে লাভবান হতে পারে ও দেশের প্রান্তিক কৃষকদের মাঝে এই মানসম্পন্ন বীজ আলু সরবরাহ করে সার্বিক উৎপাদন বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

বাংলাদেশে এরোপনিক্স পদ্ধতির সাফল্য

বাংলাদেশে বছরব্যাপী এরোপনিক্স পদ্ধতিতে মানসম্পন্ন মিনি-টিউবার উৎপাদন

এরোপনিক্স পদ্ধতি বাংলাদেশে উদ্ভিদ জন্মানোর একটি নতুন প্রযুক্তি। গত ২০১৭-১৮ মৌসুমে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই এর গ্রীন হাউজে পাঁচটি আলুর জাতের মানসম্পন্ন মিনি-টিউবার উৎপাদনের উপর একটি পরীক্ষা স্থাপন করা হয়েছিল। পরীক্ষাটি সফলভাবে সম্পন্ন করা সম্ভব হয়েছিল এবং ফলাফল ছিল অত্যন্ত আর্কষণীয় যা নিম্নে প্লেট ৮(ক-ছ) এর মাধ্যমে চিত্রায়িত হলো।

ক. এরোপনিক্স পদ্ধতি

খ. সমস্ত পদ্ধতির চিত্র

গ. বারি আলু-৩৭

ঘ. বারি আলু-৪৬

ঙ. বারি আলু-৫৩

চ. বারি আলু-৬২

ছ. বারি আলু-৬৩

প্লেট ৮(ক-ছ) ঃ কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই বছরব্যাপী এরোপনিক্স পদ্ধতিতে মানসম্পন্ন মিনি-টিউবার উৎপাদন

এরোপনিক্স পদ্ধতিতে মিনি-টিউবার উৎপাদনে গাছের বৃদ্ধি ও ফলনের উপর আলুর জাতের প্রভাব

এরোপনিক্স পদ্ধতিতে মিনি-টিউবার উৎপাদনে আলুর জাতের গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে। এরোপনিক্স এর ৪.৫ × ১.৫ × ১.২ ঘন মিটারের একটি স্ট্রাকচারে ৫ মাসে সর্বমোট ৪৭১০টি মিনি-টিউবার উৎপাদিত হয়েছে যার ওজন ছিল ১৮ কেজি। গাছের গড় উচ্চতা, গাছ প্রতি স্টোলনের গড় সংখ্যা, গাছ প্রতি কন্দের গড় সংখ্যা, গাছ প্রতি আলুর গড় ওজন এবং প্রতিটি কন্দের একক গড় ওজন ছিল যথাক্রমে ২৭৩ সে.মি., ৮.৬৯টি, ৩২.০৪টি, ১১৮.৯৭ গ্রাম এবং ৩.৭১ গ্রাম। গাছের গড় উচ্চতা, গাছ প্রতি স্টোলনের গড় সংখ্যা, গাছ প্রতি কন্দের গড় সংখ্যা সর্বোচ্চ পাওয়া গেছে বারি আলু-৫৩ এ। অন্যদিকে, গাছ প্রতি আলুর গড় ওজন ও প্রতিটি কন্দের একক গড় ওজন সর্বোচ্চ পাওয়া গেছে বারি আলু-৪৬ এ। বারি আলু-৪৬ এ গাছ প্রতি কন্দের সংখ্যার ব্যাপ্তি ছিল ১-১২৫টি এবং বারি আলু-৫৩ এ যা ছিল ১-১১২টি। গাছ প্রতি কন্দের সংখ্যা ও গাছ প্রতি আলুর ওজন সর্বোচ্চ ছিল বারি আলু-৪৬ এ যা যথাক্রমে ১২৫টি ও ৫৬৯ গ্রাম। সংগৃহীত উপাত্তগুলো নিম্নের সারণী- ৪ এ দেখানো হলো।

সারণী-৪. এরোপনিক্স পদ্ধতিতে মিনি-টিউবার উৎপাদনে গাছের বৃদ্ধি ও ফলনের উপর আলুর জাতের প্রভাব

প্যারামিটার	বারি আলু-৪৬	বারি আলু-৫৩	গড়
গাছের উচ্চতা (সে.মি.)	২৫৮.৭২	২৮৪.৮২	২৭১.৩
গাছ প্রতি স্টোলনের সংখ্যা	৭.৫৬	৯.৯৭	৮.৬৯
গাছ প্রতি আলুর সংখ্যা	২৮.৪১	৩৫.৯৩	৩২.০৪
গাছ প্রতি আলুর ওজন (গ্রাম)	১৫৮.২১	৭৬.৯৭	১১৮.৯৭
প্রতি আলুর ওজন (গ্রাম)	৬.০৮	২.১৮	৩.৭১
গাছ প্রতি আলুর সংখ্যার ব্যাপ্তি	১-১২৫	১-১১২	০
গাছ প্রতি আলুর ওজনের (গ্রাম) ব্যাপ্তি	৫-৫৬৯	৬-৩৪০	০
মোট আলুর সংখ্যা	৪,৭১০		
মোট আলুর ওজন (কেজি)	১৮		

এরোপনিক্স পদ্ধতিতে মিনি-টিউবার উৎপাদনে গাছের বৃদ্ধি ও ফলনের উপর প্লান্টিং ম্যাটেরিয়ালের প্রভাব

গাছ প্রতি আলুর ওজন ও প্রতিটি আলুর ওজন এর উপর প্লান্টিং ম্যাটেরিয়ালের দৃশ্যমান প্রভাব দেখা গেছে। কিন্তু অন্য প্যারামিটারগুলোতে কোন প্রভাব পরিলক্ষিত হয়নি। গাছ কন্দের সর্বোচ্চ সংখ্যা ও ওজন যথাক্রমে ১২৫টি ও ৫৬৯ গ্রাম পাওয়া গেছে প্লান্টলেটে। তবে গাছ প্রতি আলুর সর্বোচ্চ গড় ওজন ছিল টপস্যুট কাটিং এ যা নিম্নের সারণী-৫ এ দেখানো হয়েছে।

সারণী-৫. এরোপনিক্স পদ্ধতিতে মিনি-টিউবার উৎপাদনে গাছের বৃদ্ধি ও ফলনের উপর প্লান্টিং ম্যাটেরিয়ালের প্রভাব

প্যারামিটার	টপস্যুট কাটিং	প্লান্টলেট
গাছের উচ্চতা (সে.মি.)	**২৫৯.০৮**	**২৭৬.০৭**
গাছ প্রতি স্টোলনের সংখ্যা	৮.৫৮	৮.৭৫
গাছ প্রতি আলুর সংখ্যা	৩২.১৮	৩২.০৩
গাছ প্রতি আলুর ওজন (গ্রাম)	**১৪১.৮৫**	**১০৯.৯৭**
প্রতি আলুর ওজন (গ্রাম)	**৫.৪৩**	**৩.৭২**
গাছ প্রতি আলুর সংখ্যার ব্যাপ্তি	২-৭৩	১-১২৫
গাছ প্রতি আলুর ওজনের (গ্রাম) ব্যাপ্তি	৬-৪৮৪	৫-৫৬৯

ভবিষ্যৎ গবেষণার ক্ষেত্রসমূহ

- অল্প খরচে খাদ্যোপাদানের দ্রবণ তৈরির জন্য স্বল্প মূল্যের রাসায়নিক উপাদানের অনুসন্ধান নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- আলু গাছের বৃদ্ধি, কন্দ বের হওয়া ও সংখ্যা বৃদ্ধিতে বিভিন্ন ধরনের হরমোনের প্রভাব নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- উৎপাদন খরচ কমানোর জন্য অল্প খরচে মানসম্পন্ন চারা তৈরির উপর গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- আলু গাছের দৈহিক বৃদ্ধি, রোগ দমন ও ফলন এর উপর বায়ো-এজেন্টের প্রভাব নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- আলুসহ অন্যান্য শস্যের দৈহিক বৃদ্ধি ও ফলনে পরিবেশগত উপাদানের প্রভাব নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- উলম্ব কৃষিতে এই পদ্ধতির ব্যবহার নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- সংকরায়ণে এই পদ্ধতির ব্যবহার নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- এরোপনিক্স পদ্ধতিটির বানিজ্যিকীকরণের জন্যে স্বল্প মূল্যে প্লাটফর্ম তৈরি নিয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই-এ এরোপনিক্স পদ্ধতি সম্বলিত একটি প্লান্ট ফ্যাক্টরি তৈরির পরিকল্পনা করা।

উপসংহার

মানসম্পন্ন বীজ আলুর অপ্রতুলতা এবং উচ্চ ফলনশীল ও নানাবিধ গুণ সমৃদ্ধ উদ্ভাবিত নতুন নতুন আলুর জাতসমূহ আলু চাষীদের মাঝে দ্রুত সম্প্রসারণ করা বাংলাদেশের আলু উৎপাদনের অন্যতম প্রধান সমস্যা। এ সমস্যা দূরীকরণে এরোপনিক্স অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করতে পারে। ইতোমধ্যে যে সকল বেসরকারি সংস্থা টিস্যু কালচার পদ্ধতি ব্যবহার করে বীজ উৎপাদন করছে তারা এ পদ্ধতি প্রবর্তন করে ব্যবসা সফল হতে পারে। আলু শিল্পে এরোপনিক্স প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বল্প সময়ে অধিক পরিমাণ মানসম্পন্ন বীজ আলু উৎপাদনের মাধ্যমে দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

Quality Seed Potato (Mini-tuber) Production Using Aeroponics System in Bangladesh

Tuber Crops Research Centre
Bangladesh Agricultural Research Institute
Joydebpur, Gazipur-1701

Introduction

Potato is a very important food crop throughout the world. It is generally used as a vegetable in Asia, including Bangladesh. But in most of the temperate countries it is used as main food crop. Potato has become an important crop in Bangladesh during the last few decades due to its high yield potential, short life span and high nutritive value. Considering food and nutritional safety of the ever increasing population of Bangladesh, potato is the only alternative crop to rice. Recently, potato production and marketing has become increasingly commercialized. Due to this dramatic increase in production, many employment and business opportunities have been created and the profits through export have greatly increased. Therefore, as a whole, potatoes have a huge contribution to the national economy (Jalil Bhuyan and Saha, 2017).

In the 2016-17 fiscal year, 102 lakh metric tons of potatoes were produced from 4.99 lakh hectare of land with an average yield of 20 t/ha, while the country's demand was 70-80 lakh metric tons (BBS, 2018). The Tuber Crops Research Centre (TCRC) under Bangladesh Agricultural Research Institute (BARI) has developed 79 potato varieties, many of which have the yield potential of 40 t/ha or more. The average yield could easily be increased from 20 to 30 t/ha by using quality seeds, high yielding varieties and by following modern cultivation procedure. If the national production is kept at a constant of 100 lakh metric tons and the average yield is increased to 30 t/ha, about two lakh hectares of land can be freed from potato cultivation. This land could instead be used for the cultivation of other high value crops, leading to increase in national production as well as ensuring food and nutritional security.

The availability of good quality and disease free seed potatoes is the key constraint for potato cultivation in Bangladesh. Currently, the country's quality seed potato requirement is about 8-10 lakh metric tons, but only 10-12% quality seed potatoes can be provided by both government and non-government organizations

